DEC. 02 2001
পৃষ্ঠা ১১ কলাম ৫

দৈনিক ইত্তেফাক

## ভুয়া সার্টিফিকেটে কলেজে ভর্তির দায়ে ১ যুবকের ৪ বছরের কারাদণ্ড

চৌমুহনী সংবাদদাতা ॥ এস, এস, সি পরীক্ষায় অকৃতকার্য হয়েও ভুয়া সার্টিফিকেট দিয়ে কলেজে ভর্তির ঘটনায় এক যুবকের ৪ বছরের সশ্রম কারাদণ্ড প্রদান করা হয়।

( ১০ম পৃঃ দ্রঃ )

## ভুয়া সার্টিফিকেট

(১১শ পৃঃ পর)

বিবরণে প্রকাশ, নোয়াখালী জেলার সুধারাম থানাধীন নয়াপাড়া গ্রামের ইব্রাহিম হাছান এস, এস,সি পরীক্ষায় অকৃতকার্য হয়ে ভুয়া সার্টিফিকেট যোগাড় করে সোনাপুর কলেজে ভর্তি হয়। ঘটনাটি জানা-জানি হলে, নোয়াখালী দুর্নীতি দমন ব্যুরো সংশ্লিষ্ট রেকর্ডপত্র জব্দ করে প্রাথমিক তদন্ত শেষে ৯ই জুন '৯৬ সনে সুধারাম থানায় মামলা দায়ের করে এবং পরে চার্জ-সীট প্রদান করে। দীর্ঘদিন বিচার কার্য পরিচালনার পর স্বাক্ষী প্রমাণ শেষে নোয়াখালী অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সম্প্রতি অভিযুক্ত ইব্রাহিম হাছানকে দোষী সাব্যস্ত করে ৪ বছরের সশ্রম কারাদণ্ড প্রদান করে।